# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩২৪৭

১১. কিতাবুয যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি পেছনে গুপ্তধন রেখে মারা যাবে, কিয়ামতের দিন সে তার থেকে আশ্রয় চাইবে

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ مَنْ خَلَّفَ كَنْزًا يَتَعوَّذُ مِنْهُ يَوْمَ الْقِيَامَةِ

আরবী

3247 ـ أَخْبَرَنَا إِسْمَاعِيلُ بْنُ دَاوُدَ بْنِ وَرْدَانَ حَدَّثَنَا عِيسَى بْنُ حَمَّادٍ قَالَ: أَخْبَرَنَا اللَّيْثُ عَنِ ابْنِ عَجْلَانَ عَنِ الْقَعْقَاعِ بْنِ حَكِيمٍ عَنْ أَبِي صَالِحٍ: عَنْ أَبِي هُرَيْرَةَ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (يَكُونُ كَنْزُ أَحَدِكُمْ يَوْمَ الْقِيَامَةِ شُجَاعًا أَقْرَعَ يَتْبَعُ صَاحِبَهُ وَهُوَ يتعوَّذُ مِنْهُ فَلَا يَزَالُ يَتْبَعُهُ حتى يُلْقِمه أصبعه)
الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 3247 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الصحيحة)) (558): خ.

বাংলা

৩২৪৭. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “তোমাদের গুপ্তধনগুলো কিয়ামতের দিন টাকবিশিষ্ট বিশাল বিষাক্ত সাপে পরিণত হবে। সে তার মালিকের অনুসরণ করবে আর সে ব্যক্তি তার থেকে আশ্রয় চাইবে। সে তার পিছু ধাওয়া করতেই থাকবে, এক পর্যায়ে সে তার আঙ্গুল গ্রাস করবে।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/৩৫৫; সহীহুল বুখারী: ১৪০৩; নাসাঈ: ৫/৩৯।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটির সানাদকে শক্তিশালী বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহাহ: ৫৫৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92578

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন